


## ।। বিশেষ বিজ্ঞপ্তি ।।

**U-DISE** এর মাধ্যমে সরকারী, সরকারী অনুদান প্রাপ্ত বেসরকারী, অনুদান প্রাপ্ত নয় এমন বেসরকারী এবং কেন্দ্রীয় বিদ্যালয় সমূহে তথ্য সংগ্রহ বিষয়ে জরুরী আবেদন

সর্বশিক্ষা অভিযান প্রকল্পের গঠনতন্ত্র ‘শিক্ষা পরিচালন সংক্রান্ত তথ্য প্রণালী’ বা Educational Management Information System (EMIS) কে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের দায়িত্ব অর্পণ করেছে। এই EMIS-এর বিভিন্ন দায়িত্বের মধ্যে অন্যতম হল ‘Unified District Information System for Education’ বা ‘U-DISE’ নামক একটি সফটওয়্যারের মাধ্যমে প্রতিটি বিদ্যালয় সম্বন্ধীয় বিভিন্ন তথ্য সংগ্রহ, সংগৃহীত তথ্যের সংকলন তথা বিশ্লেষণ করা এবং পরবর্তী ক্ষেত্রে এই তথ্যসমূহকে কেন্দ্রীয় সরকারের মানব সম্পদ উন্নয়ন মন্ত্রকের সঙ্গে সমন্বয় করা। এই সংগৃহীত, সংকলিত ও বিশ্লেষিত তথ্যসমূহ সর্বশিক্ষা প্রকল্প তথা রাজ্যের শিক্ষাক্ষেত্রের সার্বিক পরিকল্পনা প্রণয়ন, রূপায়ণ, পরিচালন, তদারকী ইত্যাদি বিষয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

এই তথ্যসমূহে শিক্ষা ব্যবস্থার সর্বশেষ সামগ্রিক তথ্যের প্রতিফলন ঘটানোর জন্য প্রত্যেক বছর রাজ্যের প্রতিটি বিদ্যালয় থেকে সেই বিদ্যালয়, তার ছাত্রছাত্রীর সংখ্যা, পরিকাঠামো, শিক্ষক, ছাত্রছাত্রীর শিক্ষা সংক্রান্ত উৎকর্ষতা ইত্যাদি বিভিন্ন বিষয়ে তথ্য সংগৃহীত হয়ে থাকে।

গত বছরের ন্যায় এই বছর-ও সর্বশিক্ষা অভিযান রাজ্য মিশন ‘U-DISE’ এর ‘Data Capture Format’ সংগ্রহ করার উদ্যোগ নিয়েছে। রাজ্যের প্রতিটি সরকারী, সরকারী অনুদান প্রাপ্ত বেসরকারী, অনুদান প্রাপ্ত নয় এমন বেসরকারী এবং কেন্দ্রীয় বিদ্যালয় সমূহের কর্তৃপক্ষগণকে ‘U-DISE’ এর ‘Data Capture Format’ (যা ইতিমধ্যেই বিদ্যালয়গুলিতে সরবরাহ করা হয়েছে, বা হবে) গুলি যথাযথভাবে পূরণ করে সংশ্লিষ্ট ব্লক রিসোর্স সেন্টারে জমা করতে আহ্বান করা হচ্ছে।



৪.১০.১৫

( শ্রী ইউ. কে. চাকমা )

অতিরিক্ত সচিব ও রাজ্য প্রকল্প অধিকর্তা  
সর্ব শিক্ষা অভিযান রাজ্য মিশন, ত্রিপুরা